

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়  
Office of the Administrator of Waqf, Bangladesh.  
8, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ 4 new eskaton road, Dhaka.

ফোন : ৪৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৪৯৩৫৭১৭৫, ই-মেইল # waqf.gov.bd@gmail.com Website : www.waqf.gov.bd



স্মারক নং : ১৬.০২.০০০০.০০১.০৬.০০৪.৯০(৪র্থ খন্ড)/১৪

তারিখ : ৩১ / ০৮ / ২০২১ খ্রিঃ

বার্ষিক সমন্বয় সভার (২০২০-২০২১) কার্যবিবরণী


সভাপতি : আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি  
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।  
তারিখ : ২৩/৮/২০২১ খ্রিঃ।  
সময় : বেলা ১১.০০ ঘটিকা।  
স্থান : অনলাইন জুম প্লাটফর্ম।

- ২। সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি তালিকা- পরিশিষ্ট 'ক'।  
৩। উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাগত জানিয়ে জুম প্রাট ফরম সভার কাজ শুরু করা হয়।

ক্রঃ নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	০৬/৫/২০২১ খ্রিষ্টাব্দ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠন ও নিশ্চিতকরণ	সভায় বিগত ০৬/৫/২০২১ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তের বিষয়ে কোন আপত্তি না থাকায় তা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	গত ০৬/৫/২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়।	
২	২০২০-২০২১ অর্থ বছরের ওয়াক্ফ চাঁদা আদায়	২০২০-২০২১ অর্থ বছরের ওয়াক্ফ চাঁদা আদায়ের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ওয়াক্ফ চাঁদা আদায়ের ক্ষেত্রে গাজীপুর ও নরসিংদী, নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জ, নোয়াখালী, লক্ষ্মীপুর, বগুড়া, জয়পুরহাট, রংপুর, নীলফামারি দিনাজপুর, ঠাকুরগাঁও, খুলনা, বরিশাল, ভোলা ও বরগুনা জেলায় ৪০% এর নীচে আদায় হওয়ায় এ বিষয়ে ওয়াক্ফ প্রশাসক অসন্তোষ প্রকাশ করেন। ২০২০-২০২১ অর্থ বছরে মোট আদায় ৯,৬৪,৩৫,২৩৪/- (নয় কোটি চৌষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত চৌত্রিশ) টাকা। আদায়ের শতকরা হারে ঢাকা-৪ অঞ্চল ১ম, বৃহত্তর কুষ্টিয়া ২য় এবং কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলা তৃতীয় স্থান অধিকার করায় ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ ধন্যবাদ জানান। পরবর্তী অর্থ বছরে (২০২১-২০২২) ওয়াক্ফ চাঁদা আদায়ে কিভাবে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছা যাবে সে বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।	২.১ সব সময় চাঁদা আদায়ে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২.২ নতুন নতুন কৌশল/ম্যাকানিজম উদ্ভাবনপূর্বক তা অনুসরণ করে চাঁদা আদায়ের হার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২.৩ মোতাওয়াল্লীদের সহিত পুনঃ পুনঃ যোগাযোগ, ম্যাসেজ ও নোটিশ প্রদানের মাধ্যমে চাঁদা আদায় ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক
৩	প্রমাপ অনুযায়ী তদন্ত ও অডিট।	প্রমাপ অনুযায়ী তদন্ত ও অডিট করার এবং পরবর্তী মাসের ভ্রমণ বৃত্তান্ত পূর্ববর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রমাপ অনুযায়ী প্রতি মাসে ৬টি তদন্ত ও ৮টি অডিট সম্পাদন করার নির্দেশনা সম্বলিত সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াক্ফ পরিদর্শক/ হিসাব নিরীক্ষক

৪	২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রেক্ষিতে কার্যক্রমের অগ্রগতি এবং	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তদন্ত, অডিট, মোতাওয়ালী নিয়োগ, তালিকাভুক্তি, কমিটি গঠন ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(১) চুক্তির লক্ষ্যমাত্রা ১০০ ভাগ অর্জন করতে হবে। (২) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল প্রমাণক নির্ধারিত কোয়ার্টারে যথাসময়ে শাখার দায়িত্ব প্রাপ্ত সহকারীকে প্রশাসন/আইসিটি শাখায় দাখিল করতে হবে।	সহকারী ওয়াক্ফ প্রশাসক, ওয়াক্ফ পরিদর্শক/ হিসাব নিরীক্ষক, শাখা সহকারী
৫	বিবিধ।	বিবিধ বিষয়ে ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্য নির্ধারণের লক্ষ্যে বিএফ সিট তৈরি এবং দাবী রেজিস্টার সংশোধনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া কোভিড-১৯ এর বিষয়েও আলোচনা করা হয়।	৫.১ ২০২১-২০২২ অর্থ বছরের দাবী নির্ধারণের লক্ষ্যে বিএফ সিট তৈরি করে ১৫/৯/২০২১ তারিখের মধ্যে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ৫.২ কোভিড-১৯ এর কারণে সকলে সামাজিক দুরত্ব ও নিরাপদে থেকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রশাসক/শাখা সহকারী  সকল কর্মকর্তা/কর্মচারী

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 আব্দুল্লাহ সাক্কাদ এনভিসি  
 (অতিরিক্ত সচিব)  
 ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ

স্মারক নং : ১৬.০২.০০০০.০০১.০৬.০০৪.৯০(৪র্থ খন্ড)/ ১৪ (৬-৫৫)

তারিখ : ৩১/০৮/২০২১ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ১। উপ প্রশাসক-১/উপ প্রশাসক (ভারপ্রাপ্ত)-২, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সহকারী ওয়াক্ফ প্রশাসক (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী বিভাগ), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা (ভারঃ), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ওয়াক্ফ প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান সহকারী (অফিস তত্ত্বাবধায়ক), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। জনাব ..... ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক .....  
জেলা।
- ৭। জনাব ..... শাখা সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার.....  
শাখা।
- ৮। অফিস কপি।

  
 (মোঃ রায়হান কাওছার)

(উপ সচিব)

উপ প্রশাসক (ভারপ্রাপ্ত)-২  
 বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন  
 ফোনঃ ৪৯৩৫৭৬১৬